FYUG Even Semester Exam., 2025

BENGALI

(2nd Semester)

Course No. : BNGSEC-151

(ডি. টি. পি. ও প্রুফ সংশোধন)

পূর্ণমান : ৫০

উত্তীর্ণমান : ২০

সময় : ২ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

UNIT—I

১। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) DTP বলতে কী বোঝ ?

(খ) কীবোর্ড ইনপুট না আউটপুট ডিভাইস ?

(গ) একটি বাংলা টাইপিং সফটওয়্যারের নাম উল্লেখ করো।

(ঘ) কপি করার জন্য কীবোর্ডের কোন্ দুটি বোতাম একসঙ্গে চাপ দিয়ে ধরতে হয় ?

Scanned with OKEN Scanner

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) মুদ্রণে DTP-র দুটি গুরুত্ব উল্লেখ করো।

(খ) Print এবং Delete করার জন্য Keyboard-এর যে দুটি বোতাম একসাথে চাপতে হয়, সেগুলি কী কী?

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫

(ক) DTP-র কাজে ব্যবহৃত কয়েকটি সফটওয়্যার সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(খ) কীবোর্ড (Keyboard)-এর প্রধান কী (key)গুলির পরিচয় দাও।

UNIT—II

৪। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) MS-PowerPoint-এর কাজ কী?

(খ) MS-Word-এ ছবি কী করে ইনসার্ট করতে হয়?

(গ) Save এবং Save as-এর মধ্যে পার্থক্য কী?

(ঘ) PowerPoint ব্যবহারের ক্ষেত্রে slide বলতে কী বোঝায়?

৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) হেডার ও ফুটার (Header and Footer) কী?

(খ) প্রিন্ট প্রিভিউ (Print Preview) কী?

(Continued)

Scanned with OKEN Scanner

৫

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) ডকুমেন্ট ফরম্যাটিং (Document formatting) সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(খ) সংক্ষিপ্ত পরিচয় দাও :

টাইটেল বার (Title Bar) ; মেনু বার (Menu Bar)

UNIT—III

১×৩=৩

৭। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

(ক) Content creator বলতে কী বোঝায় ?

(খ) Creative writing কী ?

(গ) Content-এ শিরোনামের গুরুত্ব কতটুকু ?

(ঘ) কপিরাইট কী ?

২

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) ভিডিও কনটেন্ট (video content) পাবলিশ করার জনপ্রিয় মাধ্যমগুলি কী কী ?

(খ) প্রিন্ট মিডিয়া এবং বৈদ্যুতিন মিডিয়ার মধ্যে পার্থক্য কী ?

Scanned with OKEN Scanner

৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫

(ক) Content writing থেকে কীভাবে আয় করা যেতে পারে ?

(খ) Content writing কত ধরনের হতে পারে ?

UNIT—IV

১০। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) সিসার ম্যাটার কী ?

(খ) অর্চনা এবং অর্চ্চনা—কোন্ বানানটি সঠিক ?

(গ) গ্যালিতে অক্ষর সাজানোর কাজ যিনি করেন তাকে কী বলে ?

(ঘ) হাতে লেখা বা কম্পিউটারে টাইপ করা যেসব পাণ্ডুলিপি প্রেসে পাঠানো হয়, ছাপাখানার জগতে তার চলতি নাম কী ?

১১। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) লাইনোটাইপ (Linotype) কী ? বাংলা হরফে লাইনো-টাইপের প্রবর্তক হিসেবে কে পরিচিত ?

(খ) হট (hot) এবং কোল্ড (cold) প্রুফ রিডিং কী ?

Scanned with OKEN Scanner

১২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫

(ক) প্রুফ রিডারের দায়িত্ব সম্পর্কে আলোচনা করো।

(খ) প্রুফ সংশোধনের সময় যে সব চিহ্ন ব্যবহার করা হয় সেগুলির পরিচয় দাও।

UNIT—V

১৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) প্রুফে কোনো একটি অক্ষর বা বাক্যাংশ জুড়তে হলে জায়গাটিকে চিহ্নিত করতে কোন্ চিহ্ন বসাতে হবে?

(খ) শব্দের মধ্যে কোনো সময় যদি বাড়তি অক্ষর বসে যায়, সেই বাড়তি অক্ষর বাদ দেওয়ার নির্দেশ চিহ্নটি কী?

(গ) পাণ্ডুলিপির ইংরেজি প্রতিশব্দ কী?

(ঘ) পয়েন্ট কী?

১৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) ভারতবর্ষে প্রুফ সংশোধনের নিয়মাবলী কবে এবং কোন্ সংস্থা তৈরি করে?

(খ) প্রুফ সংশোধনের দুটি উদ্দেশ্য উল্লেখ করো।

Scanned with OKEN Scanner

১৫। যথাযথ প্রতীক চিহ্ন ব্যবহার করে মূল কপি অনুসরণে নিম্নোক্ত অংশ দুটির যে কোনো একটির প্রুফ সংশোধন করো : ৫

(ক) মূল কপি :

কেউ কেউ এতই অলস প্রতিটি কাজের জন্য পরমুখাপেক্ষী হয়ে থাকে। অনেক ছাত্র আছে, যারা নিজের চেষ্টায় পড়া অভ্যাস না করে শিক্ষকের সাহায্যের প্রত্যাশায় বসে থাকে। একটি ভালো বইয়ে তা সে বিজ্ঞানই হোক বা সাহিত্যবিষয়ক, ছাত্রদের নিজ নিজ পাঠক্রম অনুযায়ী যথেষ্ট রসদই মজুত থাকে। শুধু নিয়মিতভাবে তা থেকে পড়া তৈরি করে নিতে হয়।

কম্পোজ ম্যাটার :

কেউকেউ এতই অলস প্রতিটি কাজের জন্য যেপরের মুখপেক্ষী হয়ে থাকে। অনেক ছাত্রী আছে, আরা নিজের চেষ্টায় কোনও পরা অভ্যাস না করে সিক্ষকের সাহাজ্যের প্রত্যাসায় বসে থাকে। একটি ভালো বইয়ে তা সে বিজ্ঞানই হোক বা সাহিত্যবিষয়ক, ছাত্রছাদের নিজ নিজ পাঠক্রম অনুযায়ী যথেষ্ঠ রসদই মজুদ থাকে। শুধু নিয়মিতভাবে তাথেকে পরা তৈইরি করে নিতে হয়।

(খ) মূল কপি :

আমি অন্তঃপুরের মেয়ে,
চিনবে না আমাকে।
তোমার শেষ গল্পের বইটি পড়েছি, শরৎবাবু,
'বাসি ফুলের মালা'॥
তোমার নায়িকা এলোকেশীর মরণ-দশা ধরেছিল
পঁয়ত্রিশ বছর বয়সে।

(Continued)

Scanned with OKEN Scanner

পঁচিশ বছর বয়সের সঙ্গে ছিল তার রেষারেষি—
দেখলেম তুমি মহদাশয় বটে,
জিতিয়ে দিলে তাকে॥
—'সাধারণ মেয়ে'

কম্পোজ ম্যাটার :

অমি অন্তঃ পুরের মেয়ে,
চিনবেন ন আমাকে।
তোমার শেষ গল্পের বইটি পড়েছি,
বাসি ফুলের মালা॥
তোমার নায়ক এলোকেশির মরণ দশা ধরেছিল
পঁচিশ বছর বয়সে।
পঁচিশ বছর বয়সের সঙ্গে তার রেষারেষি—
দেখলেম তুমি সদাশয় বটে,
জিতিয়ে দিলেম তাকে॥
—'সাধারণ মেয়ে'

★★★

2025/FYUG/EVEN/SEM/
BNGSEC-151/169

J25—4150/1374

Scanned with OKEN Scanner

2025/FYUG/EVEN/SEM/
BNGIDC–151/170

FYUG Even Semester Exam., 2025

BENGALI

(2nd Semester)

Course No. : BNGIDC–151

(বিশ শতকের বাংলা সাহিত্য—১)

পূর্ণমান : ৭০
উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

UNIT—I

১। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) 'পলাতকা' কবিতাটি কোন্ সাময়িকপত্রে প্রথম প্রকাশিত হয় ?

(খ) 'পলাতকা' শব্দের অর্থ কী ?

(গ) 'মুক্তি' কবিতায় উল্লিখিত বধূ কত বছর বয়সে সংসারে এসেছিল ?

Scanned with OKEN Scanner

(ঘ) 'ছিন্নপত্র' শব্দের অর্থ কী ?

(ঙ) মঞ্জুলিকার বাবা কার সঙ্গে তার বিয়ে দেন ?

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) 'মুক্তি' কবিতাটি কত বঙ্গাব্দে, কোন্ সাময়িকপত্রে প্রথম প্রকাশিত হয় ?

(খ) ''মনুরে কি গেছ ভুলে''—উক্তিটি কোন্ কবিতার অন্তর্গত ? 'মনু' কে ?

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) 'পলাতকা' কাব্যগ্রন্থের 'নিষ্কৃতি' কবিতার নামকরণের সার্থকতা আলোচনা করো।

(খ) কথকের স্মৃতির আলোকে 'ছিন্নপত্র' কবিতাটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো।

UNIT—II

৪। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) ধার্মিকের লক্ষণ কী ?

(খ) 'মোক্ষ মার্গ' কেবল কোথায় রয়েছে ?

(গ) মানুষের জীবিকা কীসের ভিত্তিতে পৃথক হয়েছিল ?

(ঘ) 'প্রাচ্য ও পাশ্চাত্য' প্রবন্ধটি প্রথম কোন্ পত্রিকায় প্রকাশিত হয় ?

(ঙ) ''দেবতারা ধান চাল খায়, সুসভ্য অবস্থা, গ্রাম নগর উদ্যানে বাস''— 'প্রাচ্য ও পাশ্চাত্য' গ্রন্থের কোন্ প্রবন্ধে উক্তিটি রয়েছে ?

৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) 'প্রাচ্য ও পাশ্চাত্য' প্রবন্ধে উল্লিখিত দুজন দেবতার নাম লেখো।

(খ) স্বামী বিবেকানন্দের মতে জ্ঞান কী ? 'বিজ্ঞান' বলতে তিনি কী বুঝিয়েছেন ?

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) 'দেবতা ও অসুর' প্রবন্ধ অবলম্বনে দেবতা ও অসুরের সংঘাত সম্পর্কে আলোচনা করো।

(খ) 'প্রাচ্য ও পাশ্চাত্য' প্রবন্ধ অবলম্বনে দুই সভ্যতার তুলনামূলক আলোচনা করো।

Scanned with OKEN Scanner

UNIT—III

৭। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) 'সাজাহান' নাটকটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়?

(খ) সাজাহানের জ্যেষ্ঠ পুত্রের নাম কী?

(গ) ঔরঙ্গজেবের উজীরের নাম কী ছিল?

(ঘ) মোরাদের সৈন্যশিবির কোথায় ছিল?

(ঙ) জাহানারা কার কন্যা?

২

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) "আমি অভিশাপ দেই, যেন তুমি দীর্ঘকাল বাঁচো, আর সেই সম্রাজ্য ভোগ কর।" উক্তিটি কে, কার উদ্দেশ্যে করেছেন?

(খ) নাদিরার মৃত্যু কোথায় হয়? তাঁকে কোথায় সমাধিস্থ করা হয়েছিল?

৮

৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) 'সাজাহান' নাটকটিকে ঐতিহাসিক ট্র্যাজেডি বলা যায় কিনা, বিচার করো।

Scanned with OKEN Scanner

(খ) 'সাজাহান' নাটক অবলম্বনে ঔরঙ্গজেব চরিত্রটি সম্পর্কে আলোচনা করো।

UNIT—IV

১×৪=৪

১০। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও :

(ক) 'দত্তা' উপন্যাসটি কত খ্রিস্টাব্দে রচিত হয়?

(খ) বনমালীর কন্যার নাম কী?

(গ) জগদীশের পিতার জীবিকা কী ছিল?

(ঘ) 'দত্তা' শব্দের অর্থ কী?

(ঙ) 'দত্তা' উপন্যাসে উল্লিখিত তিন বন্ধু প্রতিদিন কাকে সাক্ষী করে প্রতিজ্ঞা করতো?

১১। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ২

(ক) বনমালী ও রাসবিহারী কোন্ কোন্ গ্রাম থেকে স্কুলে আসতো?

(খ) 'দত্তা' উপন্যাসে তিন বন্ধুর মধ্যে কোন্ দুজন ব্রাহ্মধর্ম গ্রহণ করেছিল?

Scanned with OKEN Scanner

১২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) 'দত্তা' উপন্যাসের বিজয়া চরিত্রটি বিশ্লেষণ করো।

(খ) 'দত্তা' উপন্যাসে তৎকালীন সমাজজীবনের যে ছবি রয়েছে তা আলোচনা করো।

UNIT—V

১৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) রবীন্দ্রনাথের বয়োজ্যেষ্ঠ ভাগ্নের নাম কী?

(খ) 'জীবনস্মৃতি' কত সালে গ্রন্থাকারে প্রকাশিত হয়?

(গ) 'এইটেই আদিকবির প্রথম কবিতা'—কোন্ কবিতার কথা বলা হয়েছে?

(ঘ) শ্যামের বাড়ি কোথায় ছিল?

(ঙ) কিশোরী চাটুজ্যে কে ছিলেন?

১৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) ''গণ্ডির বাহিরে গেলেই বিষম বিপদ''—উক্তিটি কার? কার উদ্দেশ্যে এ কথা বলা হত?

(খ) ঈশ্বর বালকদের কী কী পাঠ করে শোনাত?

(Continued)

Scanned with OKEN Scanner

৮

১৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) আত্মজীবনীমূলক রচনা হিসাবে 'জীবনস্মৃতি' গ্রন্থের সার্থকতা আলোচনা করো।

(খ) 'জীবনস্মৃতি' গ্রন্থের 'ভৃত্যরাজকতন্ত্র' অবলম্বনে ভৃত্যদের অধীনে রবীন্দ্রনাথের ছেলেবেলা কেমন ছিল, আলোচনা করো।

★★★

Scanned with OKEN Scanner

2024/FYUG/EVEN/SEM/
BNGDSM-151T/103

FYUG Even Semester Exam., 2024

BENGALI

(2nd Semester)

Course No. : BNGDSM-151T

[বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ)]

পূর্ণমান : ৭০
উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

যে কোনো দশটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ২×১০=২০

১। বাংলা সাহিত্যের ইতিহাসকে কয়টি যুগে ভাগ করা হয়েছে? 'শ্রীকৃষ্ণকীর্তন' গ্রন্থটি বাংলা সাহিত্যের কোন্ যুগের রচনা?

২। 'চর্যাপদ' গ্রন্থটি কবে, কোথা থেকে আবিষ্কৃত হয়?

৩। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যগ্রন্থটির রচনাকার কে? গ্রন্থটিতে সর্বমোট কয়টি খণ্ড আছে?

Scanned with OKEN Scanner

৪। মালাধর বসু 'ভাগবত'-এর কয়টি স্কন্ধের অনুবাদ করেছিলেন? তাঁর অনূদিত গ্রন্থটি কী নামে সর্বাধিক পরিচিত?

৫। বাল্মীকি 'রামায়ণ'-এ কয়টি কাণ্ড আছে? বাংলা ভাষায় 'রামায়ণ' অনুবাদের ধারায় সব থেকে জনপ্রিয় কবি কে?

৬। 'মহাভারত'-এর অনুবাদক কাশীরাম দাসের কৌলিক উপাধি কী ছিল? তিনি কোন্ গ্রামে জন্মগ্রহণ করেন?

৭। 'মনসামঙ্গল' কাব্যধারার জনপ্রিয় কবি বিজয় গুপ্ত কোন্ জেলায় জন্মগ্রহণ করেন? তাঁর রচিত পুঁথি কী নামে পরিচিত?

৮। মুকুন্দরামের উপাধি কী ছিল? তাঁর রচিত কাব্যে কয়টি খণ্ড আছে?

৯। 'অন্নদামঙ্গল' কাব্যের কবি কে? তিনি কোন্ শতাব্দীর কবি?

১০। বৈষ্ণব সমাজে 'চৈতন্যলীলার ব্যাস' বলে কোন্ কবি পরিচিত? তাঁর রচিত চৈতন্যজীবনী গ্রন্থটির নাম কী?

১১। বিদ্যাপতি কোন্ গ্রামে জন্মগ্রহণ করেন? তিনি তাঁর বৈষ্ণব পদগুলি কোন্ ভাষায় রচনা করেছিলেন?

১২। পদাবলীর চণ্ডীদাস চৈতন্য-পূর্ববর্তী না পরবর্তী যুগের কবি? কোন্ কবিকে তাঁর ভাবশিষ্য বলা হয়?

Scanned with OKEN Scanner

১৩। রোসাঙ্ রাজসভার দুজন প্রখ্যাত কবির নাম লেখো।

১৪। 'লোরচন্দ্রানী' বা 'সতীময়না' কাব্যের কবি হিসেবে কোন্ কবি পরিচিত? তিনি কোন্ রাজসভার সভাকবি ছিলেন?

১৫। 'শাক্ত পদাবলী'র কবি রামপ্রসাদ সেন কোথায় জন্মগ্রহণ করেন? তাঁর রচিত গানগুলিতে তিনি যে সুর দিয়েছিলেন, সেই সুর কী নামে পরিচিত?

SECTION—B

যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ১০×৫=৫০

১৬। বাংলা সাহিত্যের প্রাচীনতম গ্রন্থ 'চর্যাপদ'-এর ঐতিহাসিক গুরুত্ব উল্লেখ করে গ্রন্থটির সংক্ষিপ্ত পরিচয় দাও।

১৭। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যগ্রন্থটির বিষয় ও রচনা-বৈশিষ্ট্যের পরিচয় দাও।

১৮। কবি কৃত্তিবাস ওঝার জীবনতথ্য উল্লেখ করে 'রামায়ণ'-এর অনুবাদক হিসেবে তাঁর কৃতিত্বের পরিচয় দাও।

১৯। মালাধর বসু কৃত 'ভাগবত'-এর অনুবাদ-গ্রন্থটির একটি সংক্ষিপ্ত পরিচয় দাও।

২০। 'মনসামঙ্গল' কাব্যধারার কবি নারায়ণ দেব রচিত কাব্যের সংক্ষিপ্ত পরিচয় দাও।

Scanned with OKEN Scanner

২১। "নূতন মঙ্গল আশে ভারত সরস ভাষে
রাজা কৃষ্ণচন্দ্রের আজ্ঞায়।"

কবি ভারতচন্দ্র তাঁর কাব্যকে কেন 'নূতন মঙ্গল' বলে অভিহিত করেছেন তা সংক্ষেপে বিবৃত করো।

২২। কৃষ্ণদাস কবিরাজ গোস্বামীর 'চৈতন্যচরিতামৃত' গ্রন্থটির সংক্ষিপ্ত পরিচয় দাও।

২৩। বৈষ্ণবপদ রচনায় কবি চণ্ডীদাসের কৃতিত্ব সম্পর্কে আলোচনা করো।

২৪। সৈয়দ আলাওলের কাব্য-প্রতিভা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

২৫। 'শাক্ত পদাবলী'র শ্রেষ্ঠ কবি রামপ্রসাদ সেনের কাব্য-প্রতিভার পরিচয় দাও।

★★★

Scanned with OKEN Scanner

2025/FYUG/EVEN/SEM/
BNGDSM-151/168

FYUG Even Semester Exam., 2025

BENGALI

(2nd Semester)

Course No. : BNGDSM-151

[বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ)]

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

UNIT—I

১। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) বাংলা সাহিত্যের ইতিহাসে প্রাচীন ও মধ্যযুগের কালপর্ব উল্লেখ করো।

(খ) চর্যাপদের দুজন সিদ্ধাচার্যের নাম লেখো।

(গ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে মোট কয়টি খণ্ড আছে? এই কাব্যের শেষ খণ্ডটির নাম কী?

২। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) বাংলা সাহিত্যের ইতিহাসে চর্যাপদের গুরুত্ব পর্যালোচনা করো।

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে তৎকালীন সমাজ-জীবনের যে ছবি পাওয়া যায় তা তোমার নিজের ভাষায় ব্যক্ত করো।

Scanned with OKEN Scanner

UNIT—II

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্যের কবি কে? তাঁর উপাধি কী?

(খ) বাংলা ভাষায় রচিত কোন্ কবির 'রামায়ণ' সবচেয়ে বেশি জনপ্রিয়? 'রামায়ণ'-এ মোট কয়টি 'কাণ্ড' আছে?

(গ) 'মহাভারত'-এর শ্রেষ্ঠ অনুবাদক কে? 'মহাভারত'-এর আদি অনুবাদকের নাম লেখো।

৪। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'মহাভারত' অনুবাদের ধারায় কাশীরাম দাসের কবি-কৃতিত্বের পরিচয় দাও।

(খ) ''কৃত্তিবাস কৃত্তিবাস কবি
এ বঙ্গের অলংকার।'' এই উক্তির আলোকে 'রামায়ণ' অনুবাদে কবি কৃত্তিবাসের কৃতিত্ব বিচার করো।

UNIT—III

৫। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) মধ্যযুগের শেষ প্রতিষ্ঠিত কবি কে? তাঁর মৃত্যু সাল উল্লেখ করো।

(খ) কবি মুকুন্দ চক্রবর্তী কার অত্যাচারে তাঁর গ্রাম ত্যাগ করেছিলেন? 'চণ্ডীমঙ্গল' কাব্যে কয়টি খণ্ড আছে?

(গ) কবি বিজয়গুপ্ত রচিত মঙ্গলকাব্যের নাম কী? তিনি কোন্ জেলায় জন্মগ্রহণ করেন?

(Continued)

Scanned with OKEN Scanner

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'চণ্ডীমঙ্গল' কাব্য রচনায় কবি মুকুন্দ চক্রবর্তীর স্বাতন্ত্র্যের পরিচয় দাও।

(খ) 'মনসামঙ্গল' কাব্যের কবি বিজয়গুপ্তের কবি-কৃতিত্ব নিরূপণ করো।

UNIT—IV

৭। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) বৃন্দাবন দাসের মায়ের নাম কী? বৃন্দাবন দাস বিরচিত 'চৈতন্যভাগবত' গ্রন্থের প্রথম নাম কী ছিলো?

(খ) চণ্ডীদাস কোন্ পর্যায়ের বৈষ্ণবপদ রচনায় শ্রেষ্ঠত্ব লাভ করেছেন? বিদ্যাপতি কোন্ শতকের কবি?

(গ) বিদ্যাপতি কোন্ গ্রামে জন্মগ্রহণ করেন? তিনি তাঁর বৈষ্ণব পদগুলি কোন্ ভাষায় রচনা করেছিলেন?

৮। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) বৃন্দাবন দাসের কবি-প্রতিভার পরিচয় দাও।

(খ) বৈষ্ণব পদ রচনায় কবি বিদ্যাপতির কৃতিত্ব বিচার করো।

UNIT—V

৯। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) দুজন বিখ্যাত শাক্ত পদকর্তার নাম লেখো।

Scanned with OKEN Scanner

(খ) দৌলত কাজী কোন্ রাজসভার কবি ছিলেন? তিনি কোথায় জন্মগ্রহণ করেন?

(গ) রামপ্রসাদ সেন কোথায় জন্মগ্রহণ করেন? তাঁর রচিত গানগুলিতে তিনি যে সুর দিয়েছিলেন সেই সুর কী নামে পরিচিত?

১০। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) শাক্ত পদ রচনায় কমলাকান্তের কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো।

(খ) মধ্যযুগের বাংলা সাহিত্যে কবি দৌলত কাজীর কবি-কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো।

★★★

Scanned with OKEN Scanner